

# দৈনিক ইত্তেফাক

প্রতিদিন তাজাজল হোসেন মালিক মিয়া

প্রশ্নপত্র ফাঁসকারীরা দেশের শত্রু

১৩ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মি:



## বাঁশখালীতে মা সমাবেশে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

বাঁশখালী (চট্টগ্রাম) সংবাদদাতা

প্রশ্নপত্র ফাঁসকারীরা দেশের শত্রু, তারা অমানুষ, দেশের ভবিষ্যেক ধ্বংস করতে কিছু অসাধু শিক্ষক প্রশ্নপত্র ফাঁসে জড়িয়ে পড়ছে। শিশুই তাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা নিবেন বলেছেন প্রাথমিক ও গণ-শিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। তিনি গতকাল বাঁশখালী উপজেলা শিক্ষা অফিসের উদ্যোগে মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে অতিরিক্ত জেলা প্রশাসক হাবিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মা সমাবেশে এসব কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণ-শিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাঁশখালী সংসদ সদস্য মোস্তাফিজুর রহমান চৌধুরী, চট্টগ্রাম বিভাগীয় উপ-পরিচালক সোলতান মিয়া, উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুর রহমান মোস্তাফাক, শিক্ষা কর্মকর্তা কে.এম মোস্তাক আহমদ, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শহিদুল্লাহ, যুব লীগের সভাপতি তাজুল ইসলাম। বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি শ্যামল দাশ ও অভিভাবক রেজিয়া সোলতানা রূজী বলেন মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ক্লাস রুমের সংকটের কথা। চাহুলের চায়মা দাশ বলেন, বিশুদ্ধ পানির অভাব রয়েছে তাদের বিদ্যালয়ে।

অনুষ্ঠানে মা সমাবেশে প্রায় ২০টি বিদ্যালয়ের অভিভাবকদের সাথে আলোচনা করেন মন্ত্রী এবং সাগর উপকূলীয় বিদ্যালয়গুলোতে বিশুদ্ধ পানির ব্যবস্থাসহ বিভিন্ন বিদ্যালয়ের সমস্যার সমাধানের উদ্যোগ নিবেন বলে বিদ্যালয় অভিভাবক ও শিক্ষকদের আশুস্তু করেন।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিখ হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত